গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
আইসিটি শাখা

www.barguna.gov.bd

সভাপতি	মোহাঃ রফিকুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	২৪ ডিসেম্বর ২০২৩
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	'সুবর্ণজয়ন্তী' সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি তথ্য অধিকার আইন, ২০০৯ এর ভিত্তিতে সকল স্তরে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।। এই আইন বাস্তবায়নের লক্ষ্যে এবং জনগণ যাতে তথ্য সেবা অতি সহজে পেতে পারে সে লক্ষ্যে এ আইনের বিভিন্ন বিষয়াদি নিয়ে আলোচনা করার জন্য উপস্থিত সকলকে আহবান জানান।

সভাপতি বলেন যে, সরকার জনগণের সামাজিক নিরাপত্তা ও কল্যাণার্থে অনেক যুগোপযোগী বাস্তবধর্মী আইন প্রণয়ন করছেন। বর্তমান সরকারের আমলে ই-ফাইলিং কার্যক্রম শুরুর মাধ্যমে সর্বক্ষেত্রে জবাবদিহিতা তৈরি হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ শীর্ষক আইনটি জনগণকে ক্ষমতায়িত করার বিশেষ ধরণের আইন। তথ্য অধিকার আইনের প্রদত্ত সেবা জনগণ যাতে সহজে পেতে পারে সেজন্য তথ্য অধিকার আইনের বিষয়বস্তু সম্পর্কে জনগণকে সচেতন করা অপরিহার্য। সে লক্ষ্যে সকল সরকারি/বেসরকারি সংস্থাকে একত্রে আন্তরিকভাবে কাজ করতে হবে।

তিনি আরো বলেন যে, উপজেলা পর্যায়ে যে সকল মিটিং অনুষ্ঠিত হয়ে থাকে সেই সকল সভায় তথ্য অধিকার আইন সম্পর্কিত বিষয়াদি নিয়ে নিয়মিত আলোচনা করতে হবে এবং ইউনিয়ন পর্যায়ে নিয়মিতভাবে এ বিষয়ে সভা অনুষ্ঠানের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে সচেতন থাকতে হবে। কারণ ইউনিয়ন পর্যায়ে সকল স্তরের প্রতিনিধিদেরকে নিয়ে সভা করা হলে এবং তথ্য অধিকার আইন সম্পর্কে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নিয়মিত বিজ্ঞাপন প্রচার করলে এ আইন সম্পর্কে জনগণ অতি সহজে অবহিত হতে পারবে। আবার যে সকল এনজিও প্রতিনিধিগণ বিভিন্ন সময়ে জনগণকে সম্পৃক্ত করে উঠান বৈঠক করে থাকেন, ঐ সকল বৈঠকে জনগণের তথ্য পাওয়ার অধিকার সম্পর্কে আলোচনা করা হলে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনগণ অতি সহজেই সচেতন হবেন। অত:পর তথ্য অধিকার আইন , ২০০৯ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান, জনগণের তথ্য অধিকার সেবা নিশ্চিতকরণের নিমিত্ত এবং তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি।

০২	তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে লিফলেট বিতরণ এবং মাইকিং এর ব্যবস্থা করতে হবে। প্রত্যেক এনজিও যাতে উঠান বৈঠক করে তথ্য অধিকার আইন সম্পর্কে প্রচার প্রচারণার কার্যক্রম গ্রহণ করে সে বিষয় সভায় আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে লিফলেট বিতরণ, আলোচনা সভা এবং মাইকিং এর মাধ্যমে প্রচার কাযৃক্রম আরো জোরদারকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক এনজিও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) এবং সংশ্লিষ্ট থানার ওসি'কে সম্পৃক্ত করে উঠান বৈঠকের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠানের প্রমাণক হিসেবে উঠান বৈঠকের স্থির চিত্র এ কার্যালয়ে প্রেরণ করবেন।	০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা ০২। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), বরগুনা ০৩। এনজিও প্রতিনিধিগণ (সকল), বরগুনা
০৩	তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের নিমিত্ত আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান অনুসারে তথ্য প্রদানের বিষয়ে সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা ০২। তথ্য প্রদানকারী ইউনিটের কর্মকর্তা (সকল)
০৪	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে আলোচনা হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি।
০৫	তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষের বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী তথ্য কমিশনসহ অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা।
০৬	তথ্য অধিকার আইন,২০০৯ অনুযায়ী আবেদন গ্রহণ ও নিষ্পত্তির অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অন্যান্য দপ্তরে কতটি আবেদন করা হয়েছে এবং কতটি নিষ্পত্তি করা হয়েছে তার কোন তথ্য নেই। তাই তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অন্যান্য দপ্তরে তথ্য চেয়ে কতটি আবেদন করা হয়েছে এবং কতটি নিস্পত্তি করা হয়েছে তার প্রতিবেদন আগামী তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভায় ১০ দিন আগে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	০১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) ০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা।
০৭	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি ও বেসরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং অনলাইন প্রশিক্ষণ প্রদান এর বিষয়ে আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল সরকারি ও বেসরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এখনো অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেনি সে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে দপ্তর প্রধানের উপস্থিতিতে অনলাইন প্রশিক্ষণ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা। ০২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। ০৩।উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা।

০৮	জেলা এবং উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা এবং উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ নিশ্চিতকরণসহ হালনাগাদের অগ্রগতি প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান ০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা। ০৩। সহকারী প্রোগ্রামার (সকল), বরগুনা
০৯	জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা এর স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা এর স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বরগুনা।
১০	জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর তথ্য অধিকার বিষয়ক বার্ষিক প্রতিবেদন ২০২৩ নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনাসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর তথ্য অধিকার বিষয়ক বার্ষিক প্রতিবেদন ২০২৩ নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি।
১১	তথ্য অধিকার আইন, ২০০৯ ব্যাপক প্রচারের জন্য সভা/ সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ ব্যাপক প্রচারের জন্য সভা/ সেমিনার আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),বরগুনা। ২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। ৩।উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা
১২	জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের হালনাগাদ সাধারণ তথ্যাবলী স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল শতভাগ হালনাগাদ নিশ্চিতকরণহস সাধারণ তথ্যাবলী স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। ২।উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগনা ০৩। সহকারী প্রোগ্রামার (সকল), বরগুনা

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় থাকায় সভাপতি উপস্থিত সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৪০০.১২৩.৪৪.০০৩.২২.১

তারিখ: ১৮ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতনসংসদভবন, তেজগাঁ, ঢাকা।

৩) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) সচিব, জনপ্রশাসনমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭।

৬) বিভাগীয় কমিশনার, বরিশাল।

৭) উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/বামনা/বেতাগী/পাথরঘাটা/তালতলী।

৮) ----------, বরগুনা।

৯) অফিস, কপি।



মোহাঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক